দৈনিক সংবাদ

NOV. 28 2001

তারিখ………………

পৃষ্ঠা……… কলাম………

# ছাত্রলীগের বৈধ নেতা-কর্মীদের হলে ওঠানো পেছালো

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো থেকে বিতাড়িত ছাত্রলীগ নেতা-কর্মীদের হলে ওঠানো প্রক্রিয়া আবারো পিছিয়ে গেছে। সহাবস্থানের ভিত্তিতে গতকাল মঙ্গলবার জহুরুল হক হল এবং আজ বুধবার জগন্নাথ হলে ছাত্রলীগের বৈধ ছাত্র নেতা-কর্মীদের ওঠানোর কথা থাকলেও গতকাল মঙ্গলবার কর্তৃপক্ষের সঙ্গে ছাত্রদল ও ছাত্রলীগের এক আলোচনা সভায় ছাত্রলীগ হল খালি করে কার্ড দেখিয়ে ছাত্রদের ওঠানোর দাবি জানালে কর্তৃপক্ষ প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভায় সিদ্ধান্ত নিয়ে সময় নির্ধারণ করা হবে বলে জানায়।

দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট কক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে এই আলোচনা সভা হয়। প্রক্টর ড. নজরুল ইসলাম ও সহকারী প্রক্টর ছাড়াও ছাত্রদলের নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন মনির হোসেন, শফিউল বারী বাবু, সুলতান সালাহউদ্দিন টুকু, আসাদুজ্জামান আসাদ প্রমুখ। ছাত্রলীগের নেতৃবৃন্দের মধ্যে ছিল বেগ শাহিন জাহান, একেএম আজিম, আলমগীর হাসান, সাইফুন্নবী সাগর, পংকজ সাহা, হেমায়েত উদ্দিন হিমু প্রমুখ।

আলোচনা সভায় ছাত্রলীগ কর্তৃপক্ষকে হল খালি করে সকল ছাত্রকে কার্ড দেখিয়ে ওঠানোর দাবি জানালে কর্তৃপক্ষ ও ছাত্রদল তা মেনে নেয় এবং প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সভার মাধ্যমে কবে ওঠানো হবে তা সিদ্ধান্ত নেয়া হবে বলে জানায়। তাতে ছাত্রলীগ সম্মতি দেয়।

ছাত্রলীগ জহুরুল হক হলে ছাত্রলীগের ৫৭ জন বৈধ ছাত্রের তালিকা দিলেও কর্তৃপক্ষ মাত্র ১৪ জনকে আবাসিক ছাত্র হিসেবে চিহ্নিত করেছে।